গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নীলফামারী সদর, নীলফামারী।
www.nilphamarisadar.nilphamari.gov.bd

নম্বর-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৭.০৫১.২৪. ১২৮,

তারিখঃ ১৪ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ
২৭ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

## "নীলফামারী সদর উপজেলার ২য় পর্যায়ে হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি"

নীলফামারী সদর উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩১ সনের জন্য ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর, নীলফামারী কর্তৃক প্রদত্ত সিডিউল মোতাবেক শর্তসাপেক্ষে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

নিম্নবর্ণিত তারিখ মোতাবেক সকাল ৯-০০ ঘটিকা হতে বেলা ২-০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসক, নীলফামারী মহোদয়ের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), পুলিশ সুপারের কার্যালয়, নীলফামারী, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ সহকারী কমিশনার(ভূমি), নীলফামারী সদরে রক্ষিত দরপত্র বাক্সে একই সঙ্গে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐদিন বেলা ৩:০০ টায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র গ্রহণের পূর্ব দিন পর্যন্ত অফিস চলাকালীন সময় জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী, পুলিশ সুপারের কার্যালয়, নীলফামারী, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), নীলফামারী সদর এঁর কার্যালয় এবং নীলফামারী থানা (পুলিশ স্টেশন) হতে শর্তাবলীসহ দরপত্র সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে।

ইজারাধীন হাট-বাজারসমূহ শুধুমাত্র বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র ১(এক) বৎসরের জন্য ইজারা প্রদান করা হবে। কাঙ্খিত দর না পাওয়া পর্যন্ত সংশ্লিষ্ট হাট-বাজারের ডাক অব্যাহত থাকবে। যে পর্যায়ে দরপত্র গৃহীত হবে সংশ্লিষ্ট হাটের পরবর্তী ধাপগুলি স্বয়ংক্রীয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

হাট-বাজারসমূহের তালিকা, সরকারি মূল্য, দরপত্র গ্রহণের তারিখ এবং সিডিউলের মূল্য নিম্নরূপঃ

| ইউনিয়নের নাম | ক্রঃ নং | হাট-বাজারের নাম | সরকারি ইজারা/ কাঙ্খিত মূল্য | সিডিউলের মূল্য | ২য় বার দরপত্র গ্রহণের তারিখ ১১/০৩/২০২৪ |
|---|---|---|---|---|---|
| চওড়া বড়গাছা | ০১ | চওড়া হাট | ৭,৩৪৯/- | ৫০০/- | ঐ |
| | ০২ | ভবানন্দ হাট | ৬,৯৭,৪০৬/- | ২,০০০/- | ঐ |
| খোকশাবাড়ী | ০৩ | মোনাগঞ্জ হাট | ৮,০২৬/- | ৫০০/- | ঐ |
| রামনগর | ০৪ | বাহালীপাড়া কাছারী | ১১,৯৪৪/- | ৫০০/- | ঐ |
| কচুকাটা | ০৫ | কচুকাটা হাট | ২,৪০,০৭০/- | ১,২০০/- | ঐ |
| ইটাখোলা | ০৬ | কুঠির বাজার | ৬১৩/- | ৫০০/- | ঐ |
| | ০৭ | কালারডাংগা হাট | ২,৫০৯/- | ৫০০/- | ঐ |
| কুন্দুপুকুর | ০৮ | পুলের হাট | ২১,২৮৮/- | ৫০০/- | ঐ |
| সোনারায় | ০৯ | চাকলে কাজীর হাট | ৩,১৮০/- | ৫০০/- | ঐ |
| | ১০ | বাবুর হাট | ৪২,৮২৪/- | ৫০০/- | ঐ |
| চড়াইখোলা | ১১ | চড়াইখোলা হাট | ২,৭২৮/- | ৫০০/- | ঐ |
| | ১২ | নগর দারোয়ানী | ৫৪,০৮১/- | ৫০০/- | ঐ |
| লক্ষীচাপ | ১৩ | আকালুগঞ্জ হাট | ১,১৩৮/- | ৫০০/- | ঐ |

শর্তাবলী ঃ

০১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০ শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সঙ্গে দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার,নীলফামারী সদর এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে, অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। যে সমস্ত হাট-বাজার ২য় ডাকে দরপত্রে উদ্বৃত্ত মূল্য সরকারি ইজারা মূল্য অপেক্ষা কম হয়, তাহলে ঐ সমস্ত হাট-বাজার যথাক্রমে ৩য় ও ৪র্থ বার পর্যন্ত দরপত্র আহবান করা হবে। এ ক্ষেত্রে ৩য় ও ৪র্থ বার দরপত্রে অংশগ্রহণের জন্য পৃথক পৃথকভাবে উল্লিখিত দপ্তরসমূহ হতে দরপত্র/সিডিউল ক্রয় করতে হবে। সিডিউলের ফটোকপি গ্রহণযোগ্য নহে। সিডিউল/দরপত্রের সাথে দরদাতার পাসপোর্ট সাইজের সদ্যতোলা রঙ্গিন ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে।

০৫। দরপত্রের সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। একদফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন এবং একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৩। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৪। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ের হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৫। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৬। চুক্তি পত্রের যেকোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

27/02/2024

মোঃ মেহেদী হাসান
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।
ফোন নম্বর-০২৫৮৯৯৫৫১৮১
e-mail: unonilphamari@mopa.gov.bd

D:\Dextops\Hat & Bazar\IJARA NOTICE.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নীলফামারী সদর, নীলফামারী।
www.nilphamarisadar.nilphamari.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৭.০৫১.২৪.১৭৮ /১(১৫০)

তারিখঃ ১৪ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ
২৭ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
০৩। জেলা প্রশাসক, নীলফামারী
০৪। পুলিশ সুপার, নীলফামারী
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নীলফামারী
০৭। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, নীলফামারী সদর/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ/সৈয়দপুর,নীলফামারী
০৮। উপজেলা নির্বাহী অফিসার, ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ/সৈয়দপুর, নীলফামারী
০৯। সহকারী কমিশনার (ভূমি), নীলফামারী সদর/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ/সৈয়দপুর, নীলফামারী
১০। উপজেলা......................................................কর্মকর্তা (সকল), নীলফামারী সদর, নীলফামারী
১১। অফিসার ইনচার্জ, নীলফামারী থানা/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ/সৈয়দপুর,নীলফামারী
১২। চেয়ারম্যান, ....................................ইউনিয়ন পরিষদ (সকল), নীলফামারী সদর, নীলফামারী, তাকে ঢোলসহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো
১৩। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নীলফামারী সদর, নীলফামারী, তাকে বিজ্ঞপ্তিটি এ উপজেলার ওয়েবপোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো
১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,....................................ইউনিয়ন ভূমি অফিস (সকল), নীলফামারী সদর, নীলফামারী, তাকে ঢোলসহরতের মাধ্যমে সংশ্লিষ্ট হাটে বিজ্ঞপ্তিটি বহুল প্রচার করে বিনা ব্যর্থতায় প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো
১৫। ইউপি সচিব,.........................................ইউনিয়ন পরিষদ (সকল), নীলফামারী সদর, নীলফামারী, তাকে ঢোলসহরতের মাধ্যমে সংশ্লিষ্ট হাটে বিজ্ঞপ্তিটি বহুল প্রচার করে বিনা ব্যর্থতায় প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো
১৬। সভাপতি/সম্পাদক, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, নীলফামারী
১৭। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, নীলফামারী
১৮। সম্পাদক,....................................................পত্রিকা, বিজ্ঞপ্তিটি ভিতরের পাতায় স্বল্প পরিসরে ১(এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো
১৯। জনাব ......................................................., ইজারাদার, ................................ হাট, নীলফামারী সদর, নীলফামারী
২০। অফিস কপি/নোটিশ বোর্ড।

27/02/2024

উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।